মেহেরপুরে নতুন কুঁড়ি স্পোর্টস’র উদ্বোধন

শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে প্রতিভা অন্বেষণ কর্মসূচি ‘নতুন কুঁড়ি স্পোর্টস’র সারা দেশের ন্যায় মেহেরপুরেও উদ্বোধন করা হয়েছে।

“ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা” এই স্লোগানকে সামনে রেখে শনিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়ামে ভার্চুয়ালি এ কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

এ সময় মেহেরপুরে বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দীন খান, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান এবং পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসসহ অন্যান্যরা।

সারা দেশের মতো মেহেরপুরেও এই কর্মসূচির মাধ্যমে শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভা অন্বেষণের কার্যক্রম শুরু হলো। আশির দশকের জনপ্রিয় প্রতিভা অন্বেষণ কর্মসূচি ‘নতুন কুঁড়ি’র ধারাবাহিকতায় এবার ইউনিয়ন ও সিটি করপোরেশনের ওয়ার্ড পর্যায় থেকে এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

১২ থেকে ১৪ বছর বয়সী শিশু-কিশোরদের সুপ্ত ক্রীড়া প্রতিভা খুঁজে বের করা, বাছাই করা এবং রাষ্ট্রীয়ভাবে তাদের প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি করাই এ কর্মসূচির মূল লক্ষ্য।

মেহেরপুরে বিএনপির

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শিশু-কিশোরদের রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা

বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার (জাসাস) উদ্যোগে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

আজ শনিবার সকালে মেহেরপুর শিশু একাডেমি মিলনায়তন এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন প্রতিযোগীতা পরিদর্শন করেন এবং প্রতিযোগীদের সাথে কুশল বিনিময় করেন।

জেলা জাসাসের আহবায়ক মাহফুজুর রহমান অশেষ, সদস্য সচিব বাঁকা বিল্লাহ, সুরেলি আলভী, আল মামুন অনল, তৌফিকুর রহমান রানা, জুলফিকার হেলাল প্রমূখ উপস্থিত ছিলেন।

মুুজিবনগরে শিশু কিশোর ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরের মুুজিবনগরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ইউনিসেফ বাংলাদেশের যৌথ আয়োজনে শিশু কিশোর ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর মাঠে এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস উপস্থিত থেকে এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন ।